

তৃতীয় পক্ষের ইন্ধনে বুয়েটে রাজনীতি হচ্ছে

নিজস্ব প্রতিবেদক

১৯ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ নভেম্বর ২০১৯ ০০:৪৯



শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেছেন, তৃতীয় পক্ষের ইন্ধনে বুয়েট নিয়ে নোংরা রাজনীতি হচ্ছে। তিনি বলেন, আবরার ফাহাদ হত্যা মামলায় আসামিদের গ্রেপ্তার করা হয়েছে। চার্জশিটও দেওয়া হয়েছে। যারা পালিয়ে বেড়াচ্ছে তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে। তবুও কেন বহিষ্কার দাবিতে বুয়েটে আন্দোলন? নওফেল বলেন, বিএনপিপন্থি একজন আইনজীবী তার সন্তানের মাধ্যমে বুয়েট

অচলাবস্থা সৃষ্টি করতে উসকানি দিচ্ছেন।

গতকাল সোমবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বুয়েটের সার্বিক পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি।

নওফেল বলেন, জাতীয়তাবাদী এক আইনজীবী তার সন্তানকে নির্দেশনা দিচ্ছে বুয়েটে আন্দোলন চালিয়ে যেতে। আর সেই সন্তান বাবার নির্দেশনা মতো আন্দোলন চালিয়ে যাচ্ছে। যে বাবা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ নষ্ট করার জন্য ছেলেকে উদ্বুদ্ধ ও উসকানি দিচ্ছে, সেই বাবা কোন ধরনের অভিভাবক!

গত ৬ অক্টোবর রাতে বুয়েটের শেরেবাংলা হলের ২০১১ নম্বর কক্ষে ডেকে নিয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা পৈশাচিকভাবে পিটিয়ে হত্যা করে আবরার ফাহাদকে। এ ঘটনার পর থেকেই সাধারণ শিক্ষার্থীরা আন্দোলনে নামে।

advertisement